2277
19 OCT 1995

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 OCT 1995...
পৃষ্ঠা ৩ কলাম ৮

যশোর বোর্ডের রেজিষ্ট্রেশন কেলেঙ্কারি

## ৮০ জন প্রধান শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের সুপারিশ ॥ সরকারী অনুদান বন্ধ

ঝিনাইদহ সংবাদদাতা ॥ যশোর বোর্ডের গত এসএসসি পরীক্ষায় রেজিষ্ট্রেশন কেলেংকারির দায়ে দোষী প্রমাণিত হওয়ায় ৮০টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সরকারী অনুদান

(৬ষ্ঠ পৃঃ দ্রঃ)

### ৮০ জন প্রধান শিক্ষকের

(৩য় পৃঃ পর)

বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। সেই সাথে স্ব-স্ব স্কুলের পরিচালনা কমিটির সভাপতিদের উক্ত প্রধান শিক্ষকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্যও বলা হইয়াছে। যশোর বোর্ডের একজন কর্মকর্তা জানান, মন্ত্রণালয়ের নির্দেশে দোষী প্রধান শিক্ষকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে এই পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে।

উক্ত সূত্রে জানা যায়, প্রায় ১৫ হাজার ছাত্র-ছাত্রীর রেজিষ্ট্রেশন ঘাপলা ধরা পড়ে। তন্মধ্যে অর্ধেক ছিল ভুয়া রেজিষ্ট্রেশন নম্বর এবং বাকী অর্ধেক ছিল এক স্কুলের রেজিষ্ট্রেশনকৃত ছাত্রকে বেআইনীভাবে অন্য স্কুলের মাধ্যমে পরীক্ষা দানের সুযোগ করিয়া দেওয়া। তদন্তে দেখা যায় ৩৮৩টি স্কুলের প্রধান শিক্ষক রেজিষ্ট্রেশন ঘাপলার সাথে জড়িত ছিল।

বোর্ডের একটি সূত্রে আরও জানা যায়, বাকী ৩০৩টি স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

এদিকে বোর্ডের কয়েকজন কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে এ ব্যাপারে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইয়াছে।